গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়
সিলেট বিভাগ, সিলেট
www.lrb.sylhetdiv.gov.bd

ভূমি মন্ত্রণালয়

ভূমিসেবা ডিজিটাল বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নং- ৩১.০২.০০০০.০২৬.১০.০০১.১৮.৮৮২

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
০১ জুন ২০২১ খ্রিঃ

**বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরে আউটসোর্সিং এর মাধ্যমে আরও জনবল নিয়োগপূর্বক ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারের মাধ্যমে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন করের জন্য নিবন্ধিত হোল্ডিং এন্ট্রি সংক্রান্ত।**

সূত্র:
১। ভূমি সংস্কার বোর্ড, ঢাকা'র স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.১৮, তারিখ: ২৭-০১-২০২১ খ্রিঃ
২। ভূমি সংস্কার বোর্ড, ঢাকা'র স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.৩০, তারিখ: ০৯-০২-২০২১ খ্রিঃ
৩। উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, সিলেট এর স্মারক নং ৩১.০২.০০০০.০২৬.১০.০০১.১৮.৮২৭ তারিখ: ২৫-০২-২০২১ খ্রিঃ
৪। ভূমি সংস্কার বোর্ড, ঢাকা'র স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.৮২, তারিখ: ১২-০৫-২০২১ খ্রিঃ
৫। ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১.৮০, তারিখ: ১৯-০৫-২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর মাধ্যমে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন করের হোল্ডিং এর ডাটা এন্ট্রি কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত আউটসোর্সিং এর মাধ্যমে ডাটা এন্ট্রির জন্য সূত্রোক্ত ১-৪ নং স্মারকে বিভিন্ন তারিখে পত্র প্রেরণ এবং ৫ নং স্মারকে সিলেট বিভাগের ০৪ (চার)টি জেলার ৪১ টি উপজেলা ভূমি অফিসের জন্য ৮,৬৫,৫৮০/- টাকা করে মোট ৩,৫৪,৮৮,৭৮০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া প্রত্যেক জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এবং প্রত্যেক উপজেলার সহকারী কমিশনার (ভূমি) এর সাথে বারংবার টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে তাগিদ প্রদান করা হয়েছে।

ভূমি উন্নয়ন করের ব্যবস্থাপনা সংক্রান্ত সফটওয়্যারের ড্যাশবোর্ড পরীক্ষান্তে দেখা যায় সিলেট বিভাগের ০৪ (চার) টি জেলার টার্গেট হোল্ডিং এর সংখ্যা মোট ২৭,৪৯,৮৪৬ টি। তন্মধ্যে ০১ জুন ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত হোল্ডিং এর সংখ্যা দাঁড়িয়েছে ৮৮,০৭৩ টি, যার শতকরা হার মাত্র ৩.২০। উল্লেখ্য, চার জেলার ০৩ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত হোল্ডিং এর সংখ্যা ছিল ৮৬,২১৯ টি। এতে প্রতীয়মাণ হয় ০৩ মার্চ ২০২১ হতে ০১ জুন ২০২১ পর্যন্ত ০৩ (তিন) মাসে মোট নিবন্ধিত হোল্ডিং এর সংখ্যা ৮৮,০৭৩-৮৬,২১৯=১,৮৫৪ (এক হাজার আটশত চুয়ান্ন) টি নিবন্ধিত হয়েছে, যা অত্যন্ত হতাশাব্যঞ্জক। অথচ ৬১টি জেলার গড়ে নিবন্ধিত হোল্ডিং এর শতকরা হার ৭.৫০।

এমতাবস্থায়, বর্তমান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অঙ্গীকার ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে এবং ভূমি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০২০-২০২১ অর্থ বছরে আউটসোর্সিং এর মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগপূর্বক বরাদ্দকৃত অর্থের মাধ্যমে নিবন্ধিত হোল্ডিং এন্ট্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১০ (দশ) ফর্দ।

০১/০৬/২১
(মুহাম্মদ আব্দুল হাই আল মাহমুদ)
পরিচিতি নং ৬৮৪৬
উপ-ভূমি সংস্কার কমিশনার (উপসচিব)
সিলেট বিভাগ, সিলেট।
ল্যান্ড ফোন: ০৮২১-৮৪০১১৩
ই-মেইল: dlrcsylhet@lrb.gov.bd

**জেলা প্রশাসক**
**সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার**

**দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)**
**সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার**

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):
০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট।
০৩। সহকারী কমিশনার (ভূমি), ......................., .............জেলা, সিলেট বিভাগ।
০৪। প্রশাসনিক কর্মকর্তা, উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
০৫। অফিস কপি।

তারিখ: ০১ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: **ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে জেলাভিত্তিক নিবন্ধনকৃত হোল্ডিং এর তালিকা**

| ক্রম | জেলাওয়ারী | টার্গেট হোল্ডিং সংখ্যা | নিবন্ধিত হোল্ডিং সংখ্যা | অবশিষ্ট হোল্ডিং সংখ্যা | শতকরা হার | অবস্থান % | অবস্থান Vol |
|---|---|---|---|---|---|---|---|
| 62 | সিলেট | 973806 | 24450 | 949356 | 2.51 | 52 | 36 |
| 20 | হবিগঞ্জ | 687733 | 18299 | 669434 | 2.66 | 50 | 42 |
| 37 | মৌলভীবাজার | 560224 | 21748 | 538476 | 3.88 | 42 | 38 |
| 61 | সুনামগঞ্জ | 528083 | 23576 | 504507 | 4.46 | 39 | 37 |
| | মোট | 2749846 | 88073 | 2661773 | 3.20 | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 56 | সিরাজগঞ্জ | 1018927 | 272176 | 746751 | 26.71 | 4 | 1 |
| 26 | কিশোরগঞ্জ | 310878 | 91816 | 219062 | 29.53 | 1 | 9 |

| ক্রম | বিভাগওয়ারী | টার্গেট হোল্ডিং সংখ্যা | নিবন্ধিত হোল্ডিং সংখ্যা | অবশিষ্ট হোল্ডিং সংখ্যা | শতকরা হার | অবস্থান % | অবস্থান Vol |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | বরিশাল | 1890787 | 236780 | 1654007 | 12.52 | 2 | 4 |
| 2 | চট্টগ্রাম | 6178800 | 201179 | 5977621 | 3.26 | 7 | 5 |
| 3 | ঢাকা | 9364489 | 557034 | 8807455 | 5.95 | 5 | 2 |
| 4 | খুলনা | 4403944 | 173744 | 4230200 | 3.95 | 2 | 6 |
| 5 | রাজশাহী | 6344757 | 1083154 | 5261603 | 17.07 | 1 | 1 |
| 6 | রংপুর | 5465171 | 425111 | 5040060 | 7.78 | 3 | 3 |
| 7 | সিলেট | 2749846 | 88073 | 2661773 | 3.20 | 8 | 8 |
| 8 | ময়মনসিংহ | 2472153 | 148595 | 2323558 | 6.01 | 4 | 7 |
| | মোট | 38,869,947 | 2,913,670 | 35,956,277 | 7.50 | | |

তারিখ: ০৩/০৩/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: **ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে জেলাভিত্তিক নিবন্ধনকৃত হোল্ডিং এর তালিকা**

| ক্রম | জেলাওয়ারী | টার্গেট হোল্ডিং সংখ্যা | নিবন্ধিত হোল্ডিং সংখ্যা | অবশিষ্ট হোল্ডিং সংখ্যা | শতকরা হার | অবস্থান % | অবস্থান Vol |
|---|---|---|---|---|---|---|---|
| 62 | সিলেট | 54000 | 23843 | 30157 | 44.15 | 37 | 33 |
| 20 | হবিগঞ্জ | 37000 | 17934 | 19066 | 48.47 | 35 | 39 |
| 37 | মৌলভীবাজার | 32000 | 21655 | 10345 | 67.67 | 29 | 36 |
| 61 | সুনামগঞ্জ | 30000 | 22787 | 7213 | 75.96 | 23 | 34 |
| | মোট | 153000 | 86219 | 66781 | 56.35 | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 56 | সিরাজগঞ্জ | 73000 | 240415 | -167415 | 329.34 | 1 | 1 |
| 47 | পাবনা | 58000 | 147894 | -89894 | 254.99 | 4 | 2 |
| 42 | নাটোর | 51000 | 134841 | -83841 | 264.39 | 2 | 4 |



০৭/০৬/২১

(মুহাম্মদ আব্দুল হাই আল মাহমুদ)
পরিচিতি নং ৬৮৪৬
উপ-ভূমি সংস্কার কমিশনার (উপসচিব)
সিলেট বিভাগ, সিলেট।

ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.minland.gov.bd

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

নম্বর: ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১- ৮০

তারিখ : ৫জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ / ১৯ মে ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেরক ঃ মোজাফফর আহমেদ
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি মন্ত্রণালয়।

প্রাপক ঃ চীফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার
চীফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসারের কার্যালয়
ভূমি মন্ত্রণালয়, ৭১,পুরানা পল্টন, ঢাকা।

বিষয় ঃ ভূমি মন্ত্রণালয়ের ভূমি ব্যবস্থাপনা অটোমেশন শীর্ষক প্রকল্পের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থ হতে সিলেট বিভাগের আওতাধীন জেলা/উপজেলা পর্যায়ে ডাটা এন্ট্রি কাজ সম্পাদনের মজুরী/পারিশ্রমিক ব্যয় নির্বাহের জন্য মোট = ৩,৫৪,৮৮,৭৮০/- টাকা সরকারি মঞ্জুরী জ্ঞাপন প্রসঙ্গে ঃ

সুত্র ঃ (১) ভূমি সংস্কার বের্ডের স্মারক নং : ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৫.২০-৪৬ তারিখ ঃ ২২ মার্চ ২০২১
(২) ভূমি মন্ত্রণালয়ের পিআইসি কমিটির গত ১৩/০৪/২০২১ তারিখের সিদ্ধান্ত।
(৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৩ তারিখ ঃ ৬ মে,২০২১ এর নির্দেশনা।

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, ভূমি মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন শীর্ষক প্রকল্পের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ১ম-৪র্থ কিস্তি বাবদ মোট ১১৭ কোটি ২০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। তবে কোভিড-১৯ মহামারীর কারণে সরকারি বাজেট কিছুটা সংকোচন করা হলে নতুন শুরু হওয়া এ প্রকল্পে চলমান অর্থ বছরের ১ম-৪র্থ কোয়ার্টারের অর্থ এক সাথে এপ্রিল,২০২১ এ ছাড়করণ করা হয়। বাজেট সংকোচনের পর এ প্রকল্পে মোট বরাদ্দ পাওয়া যায় মাত্র ৮৮ কোটি ২০ বিশ লাখ টাকা এবং ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারের ডাটা এন্ট্রির কাজে ৮৫ (পচাঁশি) কোটি টাকা অর্থনৈতিক কোড ঃ ৪১১৩৩০২ এ ডাটাবেজ খাতে বরাদ্দ রয়েছে। ভূমি ব্যবস্থাপনা অটোমেশন শীর্ষক প্রকল্পের গত ১৩/০৪/২০২১ তারিখের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সিদ্ধান্তের আলোকে প্রতিটি পূর্ণাঙ্গ ডাটা এন্ট্রির খরচ পুনঃনির্ধারণ করা হয়। উল্লেখ্য বিলুপ্ত/স্থগিত/বাতিল হোল্ডিং এর কোন ডাটা এন্ট্রি করা যাবে না এবং আংশিক বা অসম্পূর্ণ ডাটা এন্ট্রির জন্য কোন বিল পরিশোধ করা যাবে না।

২। ভূমি ব্যবস্থাপনা অটোমেশন শীর্ষক প্রকল্পের বিগত ১৩/০৪/২০২১ তারিখের পিআইসি এর সিদ্ধান্তের আলোকে এ অর্থ ৬১টি জেলার জেলা প্রশাসকগণের অনুকুলে (৩টি পার্বত্য জেলা ব্যতীত) তাঁর সংশ্লিষ্ট উপজেলা/মেট্রো থানা/ রাজস্ব সার্কেলের সংখ্যার আনুপাতিক হারে ডাটা এন্ট্রি কাজের মজুরী/পারিশ্রমিক বাবদ ২৫/-টাঃ হারে বিল পরিশোধের নিমিত্ত চলমান অর্থ বছরের বাকি সময়ের জন্য (বাজেটের অর্ধেক টাকা) অর্থাৎ ৪২ কোটি ৫০ লাখ টাকা ছাড়করণের জন্য মন্ত্রণালয় হতে ৬মে ২০২১ তারিখে ৪৩ নম্বর স্মারকে নির্দেশনা প্রাপ্ত হই। অর্থ বরাদ্দ, প্রশাসনিক

কাজ ও যোগাযোগের সুবিধার্থে মূলতঃ ৮টি বিভাগের জেলা প্রশাসকগণকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে তাঁর আওতাধীন প্রতিটি উপজেলা/মেট্রো থানা/রাজস্ব সার্কেলে গড়ে টাঃ ৮,৬৫,৫৮০/-(আট লাখ পয়ষট্টি হাজার পাঁচশত আশি টাকা) ছাড় করার জন্য নির্দেশিত হই। সিলেট বিভাগের জেলাগুলোর বরাদ্দ নিম্নরুপঃ-

| জেলার নাম ও বরাদ্দের পরিমাণ | সিলেট বিভাগের উপজেলা/মহানগর/সার্কেলের নাম | বরাদ্দকৃত টাকা ও কোড নম্বর ৪১১৩৩০২ |
|---|---|---|
| ১। জেলা প্রশাসক সিলেট টাঃ ১২,১১,৮,১২০/- | উপজেলা ভূমি অফিস, সিলেট সদর | ৮,৬৫,৫৮০/ |
| | সার্কেল ভূমি অফিস, সিলেট মহানগর | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, দক্ষিণ সুরমা | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, বিশ্বনাথ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, বালাগঞ্জ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, গোপালগঞ্জ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, বিয়ানীবাজার | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, জকিগঞ্জ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, জৈন্তাপুর | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, কানাইঘাট | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, গোয়াইনঘাট | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, ফেঞ্চুগঞ্জ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, কোম্পানীগঞ্জ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, ওসমানী নগর | ৮,৬৫,৫৮০/ |
| ২। জেলা প্রশাসক সুনামগঞ্জ। টাঃ ৯,৫২,১,৩৮০/- | উপজেলা ভূমি অফিস, সুনামগঞ্জ সদর | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, দক্ষিণ সুনামগঞ্জ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, ছাতক | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, জগন্নাথপুর | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, দিরাই | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, শাল্লা | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, ধর্মপাশা | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, জামালগঞ্জ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, তাহিরপুর | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, বিশ্বম্ভরপুর | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, দোয়ারাবাজার | ৮,৬৫,৫৮০/ |
| ৩। জেলা প্রশাসক মৌলভীবাজার। টাঃ ৬,০৫,৯,০৬০/- | উপজেলা ভূমি অফিস, মৌলভীবাজার সদর | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, রাজনগর | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, কুলাউড়া | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, শ্রীমঙ্গল | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, জুড়ী | ৮,৬৫,৫৮০/ |

প্রকল্প পরিচালকের কার্যালয় ভূমি মন্ত্রণালয় ঢাকা-১০০০

| | | |
|---|---|---|
| | উপজেলা ভূমি অফিস, বড়লেখা | ৮,৬৫,৫৮০/ |
| ৪। জেলা প্রশাসক হবিগঞ্জ। টাঃ ৭,৭৯,০২২০/ | উপজেলা ভূমি অফিস, হবিগঞ্জ সদর | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, নবীগঞ্জ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, বানিয়াচং | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, আজমিরীগঞ্জ | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, লাখাই | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, মাধবপুর | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, চুনারুঘাট | ৮,৬৫,৫৮০/ |
| | উপজেলা ভূমি অফিস, বাহুবল | ৮,৬৫,৫৮০/ |
| সিলেট বিভাগের মোট উপজেলা/মেট্রো থানা/সার্কেল ঃ ৪১টি | | ৩,৫৪,৮৮,৭৮০/- |

৩। ডাটা এন্ট্রির এ অর্থ ছাড়করণের নির্দেশের প্রেক্ষিতে সিলেট বিভাগের আওতাধীন মোট ৪১টি উপজেলা/মেট্রো থানা/সার্কেল এর জন্য মোট টাঃ ৩,৫৪,৮৮,৭৮০/-(তিন কোটি চুয়ান্ন লাখ আটাশি হাজার সাতশত আশি টাকা মাত্র) বরাদ্দ প্রদান করা হলো ঃ

৪। বর্ণিত অবস্থায় সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে এ ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসকগণের অনুকূলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে টাঃ ৩,৫৪,৮৮,৭৮০/-ব্যয় বরাদ্দ করার জন্য নির্দেশিত হয়ে এ আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছি। **শর্তসমুহ ঃ**

(১) এ ব্যয় বর্তমান ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের ১৪৬-ভূমি মন্ত্রণালয়ের,১৪৬০১-প্রাতিষ্ঠানিক কোড এর আওতায় ২২৪৩২৩১০০-ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পে মূলধন ব্যয় বরাদ্দ যা বাজেটের ৪১১৩ -অন্যান্য স্থায়ী সম্পদ শিরোনামে, ৪১১৩৩০২-ডাটাবেজ অর্থনৈতিক কোড হতে বহন করা হবে।

(২) প্রতিটি উপজেলা ভূমি অফিস/রাজস্ব সার্কেল/মেট্রো থানা এর অনুকূলে গড়ে ৮,৬৫,৫৮০/-টাঃ (আট লাখ পয়ষট্টি হাজার পাঁচশত আশি) মাত্র বরাদ্দ করা হলো। সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করে প্রতিটি পূর্ণাঙ্গ ডাটা এন্ট্রি কাজের জন্য নিধারিত (২৫/-টাঃ) হারে কাজের মজুরী/ বিল পরিশোধ করতে হবে।

(৩) বিধি মোতাবেক সরকারী পাওনা এর অন্তর্ভূক্ত থাকবে। কোন অবস্থাতেই উপজেলা ভূমি অফিস/রাজস্ব সার্কেল/ মেট্রো থানার অনুকূলে মোট বরাদ্দকৃত ৮,৬৫,৫৮০/-টাঃ (আট লাখ পয়ষট্টি হাজার পাঁচশত আশি) এর অতিরিক্ত অর্থ উত্তোলন/খরচ করা যাবে না।

(৪) এ বরাদ্দের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বিধি-বর্হিভূত সকল উত্তোলন/খরচের জন্য দায়ী থাকবেন। এ অর্থ ব্যয় সংক্রান্ত যাবতীয় হিসাব বিবরণী বিধি মোতাবেক বিল ভাউচারসহ সকল কাগজপত্র নিরীক্ষার জন্য তাঁর অফিসে সংরক্ষণ করবেন। উল্লেখ্য বিলুপ্ত/স্থগিত/বাতিল হোল্ডিং এর কোন ডাটা এন্ট্রি করা যাবে না এবং আংশিক বা অসম্পূর্ণ ডাটা এন্ট্রির জন্য কোন বিল পরিশোধ করা যাবে না।

(৫) এ খাতের বরাদ্দকৃত অর্থ ডাটা এন্ট্রির কাজের মজুরী/বিল ব্যতীত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না এবং ৩০শে জুন,২০২১ এর মধ্যে ডাটা এন্ট্রি সমাপ্ত করতঃ জেলাওয়ারী এর হিসাব ও অব্যয়িত অর্থ বিধি মোতাবেক সরকারী কোষাগারে **(অনলাইন)** চালানের মাধ্যমে জমা/ সমর্পণপূর্বক ভূমি মন্ত্রণালয় এবং ভূমি সংস্কার বোর্ড এবং প্রকল্প পরিচালক ,ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পকে অবহিত করতে হবে।

প্রকল্প পরিচালকের কার্যালয় ভূমি মন্ত্রণালয় ঢাকা-১০০০

(৬) এ বিষয় একটি সংক্ষিপ্ত **গাইড লাইন** প্রতি জেলায় ই-মেইলে প্রেরণ করা হবে এবং ভূমি মন্ত্রণালয়ের www.minland.gov.bd ওয়েবসাইটেও এ আর্থিক মঞ্জুরী আদেশ ও গাইড লাইন পাওয়া যাবে।

(৭) ডাটা এন্ট্রি ও ব্যয়িত-অব্যয়িত অর্থের হিসাবসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন নির্ধারিত ছকে ০৩ (তিন) সেট (১) প্রকল্প পরিচালক,ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প,৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণী,তেজগাঁ,ঢাকা-১২০৮ (২) সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা (৩) ভূমি সংস্কার বোর্ড, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণী, তেজগাঁ,ঢাকা-১২০৮ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।

(৮) অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়ের ২৪ শে আগষ্ট ২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫ (অংশ-১)-৩৭ নম্বর স্মারকে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন 'ভূমি ব্যবস্থাপনা অটোমেশন' শীর্ষক প্রকল্পের আর্থিক ক্ষমতা বলে এ মঞ্জুরী আদেশ জারী করা হলো।

১৯/০৫/২০২১

মোজাফফর আহমেদ
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ফোন: ০২-৮১৭০১৬৭(অফিস)
ই-মেইল ঃ pdautomation@minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১- ৮০(৪০)

তারিখ : ৫জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
১৯ মে ২০২১ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান,ভূমি সংস্কার বোর্ড, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণী,তেজগাঁ,ঢাকা-১২০৮।
৩। বিভাগীয় কমিশনার,সিলেট।
৪। অতিঃ সচিব (উন্নয়ন),ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল) সিলেট বিভাগ। তাঁর অধিনস্ত সহকারী কমিশনার (ভূমি)গণকে ই-মেইলে পত্রটি প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য আনুরোধ করা হলো।
৬। সহকারী কমিশনার (ভূমি), সিলেট বিভাগের সকল উপজেলা।
৭। সিস্টেম এনালিষ্ট,ভূমি মন্ত্রণালয়। তাকে সরকারি মঞ্জুরী পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড এবং বিভাগওয়ারী জেলা প্রশাসকগণের ই-মেইলে পত্রটি প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা সিলেট বিভাগের সকল জেলা।
৯। অফিস মাস্টার ফাইল।

১৯/০৫/২০২১

মোজাফফর আহমেদ
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ফোন: ০২-৮১৭০১৬৭(অফিস)
ই-মেইল ঃ pdautomation@minland.gov.bd

প্রকল্প পরিচালকের কার্যালয় ভূমি মন্ত্রণালয় ঢাকা-১০০০ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৬
ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০. ৮২

তারিখঃ ২৯ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
১২ মে ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর মাধ্যমে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায় এর জন্য ডাটা এন্ট্রির কার্যক্রম সংক্রান্ত নির্দেশনা।

সূত্র : ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখার ০৬ মে ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৫৬.৬৮.২৩.২০.৯৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সেবা গ্রহীতাদেরকে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও সহজসেবা প্রদানের জন্য ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ডিজিটাল পদ্ধতিতে ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার (Land Development Tax Management System) তৈরি করা হয়েছে। ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং এর ধারাবাহিকতায় সারাদেশে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে শতভাগ ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে।

২। ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে ডাটা এন্ট্রির ক্ষেত্রে নাগরিক কর্নার থেকে নাগরিক নিবন্ধন এর মাধ্যমে ভূমি উন্নয়ন কর প্রদানের ব্যবস্থাসহ সিস্টেম অপরিবর্তিত রেখে নতুন কিছু আপগ্রেডেশন আনা হয়েছে, যা খুব শীঘ্র লাইভ সার্ভারে সংযুক্ত করা হবে (সফটওয়্যার আপগ্রেডেশন নির্দেশিকা সংযুক্ত)। ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে এ পর্যন্ত এন্ট্রিকৃত সকল ডাটা বহাল থাকবে এবং সূত্রোস্থ পত্রে প্রদর্শিত বিন্যাস অনুযায়ী এ সকল এন্ট্রিকৃত ডাটার জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হবে। এ পর্যন্ত এন্ট্রিকৃত ডাটার মধ্যে যে সকল গড়মিল/ভুল-ত্রুটি পরিলক্ষিত হয়েছে তা সংশোধনের জন্য পরবর্তী নির্দেশনা প্রদান করা হবে।

৩। সিস্টেম আপগ্রেডেশনের ফলে নাগরিকগণের নিবন্ধনের সময় তাঁর এন্ট্রিকৃত ডাটা জাতীয় পরিচয় পত্রের তথ্যের সাথে স্বয়ংক্রিয়ভাবে যাচাই হবে। কোনো নাগরিকের নিবন্ধনের পরে, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা সেই নাগরিকের ডাটা এন্ট্রির মাধ্যমে তাঁর হোল্ডিং খুলতে পারবেন। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত শুধুমাত্র **নাগরিক নিবন্ধন** এর মাধ্যমে হোল্ডিং এর ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান থাকবে (ইউএলও ব্যবহার নির্দেশিকা, নাগরিক ব্যবহার নির্দেশিকা, উদ্যোক্তা ব্যবহার নির্দেশিকা ও হটলাইন ব্যবহার নির্দেশিকা সংযুক্ত)। এ বিষয়ে অনতিবিলম্বে সংশ্লিষ্ট সকলের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। সকল সংশ্লিষ্ট নাগরিক স্ব-প্রণোদিত হয়ে যাতে নিজের অনলাইন হোল্ডিং তৈরির জন্য নাগরিক নিবন্ধন সম্পন্ন করে, এ ব্যাপারে স্থানীয়ভাবে ব্যাপক প্রচার/প্রচারণা চালানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে জাতীয়ভাবে প্রচার/প্রচারণা চালানোর জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

অতএব, সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সেবা গ্রহীতাদেরকে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও সহজ সেবা প্রদানের লক্ষ্যে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর মাধ্যমে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায়ের ক্ষেত্রে উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১. সফটওয়্যার আপগ্রেডেশন নির্দেশিকা ০৯ (নয়) ফর্দ

২. ইউএলও ব্যবহার নির্দেশিকা ২৬ (ছাব্বিশ) ফর্দ

৩. নাগরিক ব্যবহার নির্দেশিকা ১৬ (ষোল) ফর্দ

৪. উদ্যোক্তা ব্যবহার নির্দেশিকা ১৭ (সতের) ফর্দ

৫. হটলাইন ব্যবহার নির্দেশিকা ১১ (এগার) ফর্দ

(মোঃ মোস্তফা কামাল)
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন - ০২৮১৭০১৪৩
ই-মেইল: chairman@lrb.gov.bd

জেলা প্রশাসক
..................(সকল) (৩টি পার্বত্য জেলা ব্যতীত)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২) বিভাগীয় কমিশনার,..................(সকল)
(৩) অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৪) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
(৫) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৬) উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/রাজশাহী বিভাগ (বিষয়টি নিশ্চিতকরণার্থে তদারকি করার অনুরোধসহ)
(৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
(৮) উপজেলা নির্বাহী অফিসার,..................(৩টি পার্বত্য জেলার সংশ্লিষ্ট উপজেলা ব্যতিত সকল)
(৯) সহকারী কমিশনার (ভূমি),..................(৩টি পার্বত্য জেলার সংশ্লিষ্ট উপজেলা ব্যতিত সকল)
(১০) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ )
(১১) অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়
সিলেট বিভাগ, সিলেট
www.lrb.sylhetdiv.gov.bd

স্মারক নং- ৩১.০২.০০০০.০২৬.১০.০০১.১৮.৮২৭

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

**বিষয়: ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং এর ধারাবাহিকতায় ৬১ টি জেলার (০৩ টি পার্বত্য জেলা ব্যতীত) প্রতিটি মহানগর/জেলা সদর থেকে ০১টি করে ইউনিয়ন/পৌর ভূমি অফিস নিয়ে মোট ৬১টি ইউনিয়ন/পৌর ভূমি অফিসে ডাটা এন্ট্রিসহ আগামী জুন ২০২১ এর মধ্যে শতভাগ অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় চালুকরণের জন্য ছক মোতাবেক তথ্যাদি প্রেরণ প্রসঙ্গ।**

সূত্র: ১। ভূমি সংস্কার বোর্ড, ঢাকা'র স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.১৮, তারিখ: ২৭ জানুয়ারি ২০২১ খ্রিঃ
২। ভূমি সংস্কার বোর্ড, ঢাকা'র স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.৩০, তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০১ নং সূত্রোক্ত স্মারকে "ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা বিষয়ক সফটওয়্যার চালুকরণের নিমিত্ত আউট সোর্সিংয়ের মাধ্যমে ডাটা সংগ্রহের জন্য অর্থ বরাদ্দ" এবং ০২ নং সূত্রোক্ত স্মারকে "ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং এর ধারাবাহিকতায় ৬১ টি জেলার (০৩ টি পার্বত্য জেলা ব্যতীত) প্রতিটি মহানগর/জেলা সদর থেকে ০১টি করে ইউনিয়ন/পৌর ভূমি অফিস নিয়ে মোট ৬১টি ইউনিয়ন/পৌর ভূমি অফিসে ডাটা এন্ট্রিসহ আগামী জুন ২০২১ এর মধ্যে শতভাগ অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় চালুকরণ" এর নিমিত্ত বর্ণিত দু'টি স্মারকে ভূমি সংস্কার বোর্ড হতে তথ্যাদি চেয়ে আপনার কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন তথ্য না পাওয়ায় শতভাগ অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায় নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং এ কাজকে ত্বরান্বিত করতে দ্রুত অর্থ বরাদ্দ প্রদান করা যাচ্ছে না।

এমতাবস্থায়, ভূমি সংস্কার বোর্ড হতে সূত্রোক্ত স্মারকদ্বয়ের ছক মোতাবেক চাহিত তথ্যাদি ই-মেইল: alrc6@lrb.gov.bd এ দ্রুত প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

২৫/০২/২১
(মুহাম্মদ আব্দুল হাই আল মাহমুদ)
পরিচিতি নং ৬৮৪৬
উপ-ভূমি সংস্কার কমিশনার (উপসচিব)
সিলেট বিভাগ, সিলেট।
ল্যান্ড ফোন: ০৮২১-৮৪০১১৩
ই-মেইল: dlrcsylhet@lrb.gov.bd

**জেলা প্রশাসক**
**সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার**

**দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)**
**সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার**

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):
০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট।
০৩। প্রশাসনিক কর্মকর্তা, উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
০৪। অফিস কপি।

সংযুক্তি-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৬
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.lrb.gov.bd

স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.১৮

তারিখ: ১৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : **ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা বিষয়ক সফটওয়ার চালুকরণের নিমিত্ত আউট সোর্সিংয়ের মাধ্যমে ডাটা সংগ্রহের জন্য অর্থ বরাদ্দের লক্ষ্যে তথ্যাদি প্রেরণ (৩টি পার্বত্য জেলা ব্যতীত)।**

সূত্র : বোর্ডের স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.০১, তারিখ- ০৪/০১/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সারাদেশে অনলাইন ভিত্তিক ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা প্রতিষ্ঠার লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত LIMS(Land Information Management System) সফটওয়ারভুক্ত ১০টি মডিউলের মধ্যে Land Development Tax Management System মডিউল ব্যবহার করে সারাদেশে অনলাইন ভিত্তিক ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়ার চালুর নিমিত্ত ইতোমধ্যে ১ম পর্যায়ে ৯টি, ২য় পর্যায়ে ৪৮২টি ও ৩য় পর্যায়ে ২৯৭১টি মোট ৩৪৬২টি ইউনিয়ন/পৌর ভূমি অফিসে (৩টি পার্বত্য জেলা ব্যতীত) পাইলটিং এ নির্বাচিত মৌজাসমূহের হোল্ডিং এর ডাটা সফটওয়ারে এন্ট্রির কাজ চলমান রয়েছে। এ কাজকে ত্বরান্বিত করার নিমিত্ত আউট সোর্সিংয়ের মাধ্যমে ডাটা সংগ্রহ ও এন্ট্রির জন্য অর্থ বরাদ্দের লক্ষ্যে নিম্নোক্ত ছকে alrc6@lrb.gov.bd এ ই-মেইলে তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু তাঁর কার্যালয় হতে ইউনিয়ন/পৌর ভূমি অফিসভিত্তিক প্রতিবেদন পাওয়া যায়নি।

'ছক'

| ক্রঃ নং | জেলার নাম | উপজেলা/রাজস্ব সার্কেল/মেট্রো থানা ভূমি অফিসের নাম | ইউনিয়ন/পৌর ভূমি অফিসের নাম | ১ম, ২য় ও ৩য় পর্যায়ে পাইলটিং এর জন্য নির্বাচিত মৌজার নাম | ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং এ অন্তর্ভুক্ত হোল্ডিং সংখ্যা | ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং এ অন্তর্ভুক্ত হোল্ডিং ব্যতীত অবশিষ্ট হোল্ডিং সংখ্যা | সর্বমোট হোল্ডিং সংখ্যা (৬+৭) | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

অতএব, দ্রুত অর্থ বরাদ্দ প্রদান নিশ্চিতকরণার্থে জরুরিভিত্তিতে উক্ত ছক মোতাবেক <u>ফিরতি মেইলে</u> তথ্যাদি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

২৭.১.২০২১
(জিনিয়া জিন্নাত)
সহকারী ভূমি সংস্কার কমিশনার
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন- ৯৫৮৭৩২২
ই-মেইল alrc6@lrb.gov.bd

জেলা প্রশাসক
......................

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৬
'ভূমি ভবন'
৯৮, শহীদ তাজউদ্দীন সরণী
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.৭০

তারিখ: ১৬ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : <u>ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং এর ধারাবাহিকতায় ৬১টি জেলার (০৩টি পার্বত্য জেলা ব্যতিত) প্রতিটি মহানগর/জেলা সদর থেকে ১টি করে ইউনিয়ন/পৌর ভূমি অফিস নিয়ে মোট ৬১টি ইউনিয়ন/পৌর ভূমি অফিসে ডাটা এন্ট্রিসহ আগামী জুন ২০২১ এর মধ্যে শতভাগ অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায় চালুকরণ প্রসংগে।</u>

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সারাদেশে অনলাইন ভিত্তিক ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা প্রতিষ্ঠার লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত LIMS(Land Information Management System) সফটওয়্যারভুক্ত ১০টি মডিউলের মধ্যে Land Development Tax Management System মডিউল ব্যবহার করে সারাদেশে অনলাইন ভিত্তিক ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার চালুর নিমিত্ত ইতোমধ্যে ১ম পর্যায়ে ৯টি, ২য় পর্যায়ে ৪৮২টি ও ৩য় পর্যায়ে ২৯৭১টি মোট ৩৪৬২টি ইউনিয়ন/পৌর ভূমি অফিসে (৩টি পার্বত্য জেলা ব্যতীত) পাইলটিং এ নির্ধারিত মৌজাসমূহের হোল্ডিং এর ডাটা সফটওয়্যারে এন্ট্রির কাজ চলমান রয়েছে।

গত ২১/০১/২০২১ তারিখে ভূমি সংস্কার বোর্ডে অনুষ্ঠিত কর্মশালায় ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিংএর ধারাবাহিকতায় যে ইউনিয়ন/পৌর ভূমি অফিসের অধিক ডাটা এন্ট্রি হয়েছে সে ইউনিয়ন/পৌর ভূমি অফিসকে অগ্রাধিকার দিয়ে ৬১টি জেলার (০৩টি পার্বত্য জেলা ব্যতিত) প্রতিটি মহানগর/জেলা সদর থেকে ১টি করে ইউনিয়ন/পৌর ভূমি অফিস নিয়ে মোট ৬১টি ইউনিয়ন/পৌর ভূমি অফিসে ডাটা এন্ট্রিসহ আগামী জুন ২০২১ এর মধ্যে শতভাগ অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায় চালুকরণ নিশ্চিত করার নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এ কাজকে ত্বরান্বিত করার নিমিত্ত আউট সোর্সিংয়ের মাধ্যমে ডাটা সংগ্রহ ও এন্ট্রির জন্য অর্থ বরাদ্দের লক্ষ্যে নিম্নোক্ত ছকে alrc6@lrb.gov.bd এ ই-মেইলে তথ্যাদি প্রেরণ আবশ্যক।

'ছক'

| ক্রঃ নং | জেলার নাম | নির্ধারিত উপজেলা/রাজস্ব সার্কেল/মেট্রো থানা ভূমি অফিসের নাম | শতভাগ ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়ার চালুর জন্য নির্ধারিত ইউনিয়ন/পৌর ভূমি অফিসের নাম | নির্ধারিত ইউনিয়ন/পৌর ভূমি অফিসের সর্বমোট হোল্ডিং সংখ্যা | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

অতএব, যে ইউনিয়ন/পৌর ভূমি অফিসের অধিক ডাটা এন্ট্রি হয়েছে সে ইউনিয়ন/পৌর ভূমি অফিসকে অগ্রাধিকার দিয়ে তাঁর জেলার মহানগর/জেলা সদরের একটি ইউনিয়ন/পৌর ভূমি অফিসকে নির্ধারিত করে ডাটা এন্ট্রি সম্পন্ন করাসহ আগামী জুন ২০২১ এর মধ্যে শতভাগ অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায় নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং এ কাজকে ত্বরান্বিত করতে দ্রুত অর্থ বরাদ্দ প্রদান নিশ্চিতকরণার্থে জরুরিভিত্তিতে উপর্যুক্ত 'ছক' অনুযায়ী <u>ফিরতি মেইলে</u> তথ্যাদি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯.২.২১

(জিনিয়া জিন্নাত)
সহকারী ভূমি সংস্কার কমিশনার
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন- ৯৫৮৭৩২২
ই-মেইল alrc6@lrb.gov.bd

জেলা প্রশাসক
.......................

Scanned with CamScanner